

নার্সিং ইনচার্জদের সাথে মাননীয় উপাচার্য মহোদয়ের মতবিনিময়

আজ বুধবার ১৯ এপ্রিল ২০১৭ইং তারিখ, দুপুরে, এ ব্লক অডিটোরিয়ামে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান অত্র বিশ্ববিদ্যালয়ে নার্সিং ইনচার্জ হিসেবে কর্মরত নার্সদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়ে মাননীয় উপাচার্য রোগীদের জন্য সার্বক্ষণিক নার্সিং ইনচার্জ সেবা নিশ্চিত করার নির্দেশ দেন এবং উন্নত নার্সিং সেবা



প্রদানের জন্য সংশ্লিষ্ট নার্সদের ধন্যবাদ জানান ও বর্তমান প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের সহায়তা প্রদানের কথা উল্লেখ করেন। সম্মানিত নার্সিং ইনচার্জবৃন্দ বিভিন্ন প্রয়োজনীয় বিষয়সমূহ মতবিনিময়ে উল্লেখ করেন। রোগীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ওই সভায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, চীফ এস্টেট অফিসার ও বিএসসি নার্সিং ডেভেলপমেন্ট কমিটির সদস্য সচিব ডা. একেএম শরীফুল ইসলাম, অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডা. নাজমুল করিম মানিক, সেবা তত্ত্বাবধায়ক শান্তনা রানী দাস, উপ-পরিচালক (হাসপাতাল) ডা. মোঃ খোরশেদ আলম প্রমুখসহ উপ সেবা তত্ত্বাবধায়কগণ ও সহকারী সেবা তত্ত্বাবধায়কগণ উপস্থিত ছিলেন। ক্যাপশন: প্রশান্ত। ছবি: সোহেল।